# SOMA TEXTILES & INDUSTRIES LTD.

A GOVT. RECOGNISED EXPORT HOUSE
CIN : L51909WB1940PLC010070
*REGD. OFFICE : 2, RED CROSS PLACE, KOLKATA - 700 001, INDIA*
*TEL : (033) 2248-7406/07, FAX : (033) 2248-7045*
*E-mail : rssharma@somatextiles.com / investors@somatextiles.com*
*Website : www.somatextiles.com*


10th June, 2021

The Corporate Relationship Dept.
Bombay Stock Exchange Ltd.,
Piroze Jeejeebhoy Towers, 1st Floor, New Trading Ring
Rotunda, Dalal Street,
**Mumbai - 400 001**

The Secretary,
National Stock Exchange of India Ltd,
Exchange Plaza, 5th Floor, Plot No. C/1, G-Block
Bandra-Kurla Complex, Bandra (E),
**Mumbai - 400 051**

**Sub: Disclosure under Regulation 30 of the SEBI Listing Obligations and Disclosures Requirement) Regulations, 2015, as submission of paper cutting of the Notice of Board Meeting published in the newspapers on 9th June, 2021.**

Pursuant to regulation 30 of the SEBI Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, enclosed please find paper cutting of the Notice of the Board Meeting to be held on 14th June, 2021, published in the Financial Express (English Edition) and Ekdin (Bengali Edition), Newspapers on 14th June, 2021.

Kindly take the same on record.

*Yours faithfully,*
*For Soma Textiles & Industries Ltd.,*

A.K. Mishra

*(A. K. Mishra)*
*Company Secretary & Compliance Officer*

SOMA TEXTILES & INDS LTD Cal-1

**Encl: as stated**


**Head Office & Works :** Rakhial Road, Ahmedabad - 380 023, India
Tel : (079) 2274-3285-8, Fax : (079) 2274 5653
**Corporate Office :** 6, Vaswani Mansion, Dinshaw Wachha Road, Backbay Reclamation, Mumbai - 400 020
Tel : (022) 2283 6519-20, 2282 6076-77, Fax : (022) 2285 1173


A SOMANY ENTERPRISE

# নির্বাচনে ফল প্রকাশের পর থেকেই তাঁবুতে যাযাবরের জীবনযাপন করছে ২৮টি বিজেপি পরিবার



**নিজস্ব প্রতিবেদন, বুদবুদ:** বুদবুদের ভাতকুন্ডা এলাকায় তাবু খাঁটিয়ে আশ্রয় নিয়েছেন ২৮টি বিজেপি কর্মী-সমর্থকদের পরিবার। বিজেপি কর্মী-সমর্থকরা জানিয়েছেন, তাঁরা ভোটের ফলাফল বেরনোর পর থেকেই ঘরছাড়া। আউসগ্রাম অঞ্চলের প্রেমগঞ্জ এলাকায় ওই ২৮টি পরিবারের বসবাস। ভোট ফলাফলের পর থেকেই এলাকায় তৃণমূলের আতঙ্কের তাঁরা ঘরছাড়া রয়েছেন বলে জানান। বর্তমানে তাঁরা নিজের এলাকা ছেড়ে বুদবুদের ভাতকুন্ডা অঞ্চলে তাঁবু খাঁটিয়ে বসবাস করছেন। পূর্ব বর্ধমান জেলা বিজেপির কিষান মোর্চার নেতা কৃষ্ণদয়াল কর্মকার জানিয়েছেন, ভোটের পর থেকেই বিজেপি কর্মী সমর্থকদের উপর অত্যাচার চালাচ্ছে তৃণমূল কর্মীরা। যে কারণে বহু বিজেপি কর্মী সমর্থককে বাড়ি ছেড়ে অন্যত্র আশ্রয় নিতে হয়েছে। অপরদিকে, আউসগ্রাম দু'নম্বর ব্লকের তৃণমূলের ব্লক সভাপতি জানিয়েছেন, এ ধরনের কোনও ঘটনা কোথাও ঘটেনি। গোটা রাজ্যজুড়ে সমস্ত এলাকায় শান্তির পরিবেশ রয়েছে। তবে তৃণমূলকে বদনাম করার একটা চক্রান্ত করছে বিজেপির একটা অংশ বলে তিনি দাবি করেন। ঘরছাড়া বিজেপি কর্মীরা জানিয়েছেন, নির্বাচনের ফল প্রকাশের পর থেকেই তাঁরা বিভিন্ন যায়গায় যাযাবরের মতো তাঁবু খাঁটিয়ে দিন গুজরান করছেন। বুদবুদের ভাতকুন্ডায় তাঁরা দিন তিনেক আগে এসেছেন। এরপর ফের কোথায় গিয়ে তাঁরা তাঁবু গাড়বেন, তা এখনও জানা নেই তাঁদের।

# খনির উৎপাদন বন্ধ করে বিক্ষোভ নিরাপত্তা কর্মীদের



**নিজস্ব প্রতিবেদন, বারাবনি:** তৃণমূল কংগ্রেসের পতাকার তলায় পুনরায় মঙ্গলবার ইসিএলের মোহনপুর কলিয়ারির খনির উৎপাদন সরবরাহের কাজ বন্ধ করে দিল বেসরকারি নিরাপত্তা কর্মীরা। তাদের মূল দাবি, অবিলম্বে তাদের বকেয়া তিন মাসের বি-ক্যাটাগরির বেতন দিতে হবে। এছাড়া ইএসআই সুবিধা, বেসরকারি নিরাপত্তা কর্মীদের ন্যাশনাল হলিডে-সহ বোনাস ধার্য করতে হবে।

এইসব বিষয় নিয়ে তাঁরা পুনরায় মোহনপুর কলিয়ারীর সামনে বিক্ষোভ প্রদর্শন করেন। তাঁদের অভিযোগ, গত ১৯ তারিখে এই বিষয়গুলি নিয়ে আন্দোলন করা হয়েছিল। সেই সময় ইসিএল কর্তৃপক্ষ এসে আশ্বাস দিয়েছিলেন, ২০ দিনের মধ্যে তিন মাসের বকেয়া বেতন দেওয়া হবে এবং বাকি দাবিগুলি নিয়ে উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গে আলোচনা করা হবে। কিন্তু, আজ পর্যন্ত তার সদুত্তর মেলেনি এবং দাবিগুলি নিয়ে কোনও সুরাহা না-হওয়ায় তাঁরা মঙ্গলবার ফের সালানপুর এরিয়ার বনজেমারি কলিয়ারি-সহ সমস্ত কলিয়ারির কাজ বন্ধ করে দিয়ে আন্দোলন শুরু করেন। এবারের আন্দোলনে তাঁরা সঙ্গে পেয়েছেন শাসক দল তৃণমূল কংগ্রেসকে। বেসরকারি নিরাপত্তাকর্মীদের এই বিক্ষোভ প্রদর্শন কর্মসূচিতে উপস্থিত হন বারাবনি পঞ্চায়েত সমিতির সহ-সভাপতি সুকুমার সাধু ও বারাবনি ব্লক তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক মাধব তিওয়ারি। এই প্রসঙ্গে সহ-সভাপতি সুকুমার সাধু বলেন, এদের অসুবিধা নিয়ে ইসিএল কর্তৃপক্ষ কিছুই পদক্ষেপ গ্রহণ করছে না। যতক্ষণ না তাঁদের প্রতিটি দাবি মঞ্জুর করা হচ্ছে, তাঁদের এই আন্দোলন চলতে থাকবে। তবে, ইসিএল কতৃপক্ষের তরফ থেকে এই বিষয়ে কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

**ABRIDGED NIT**

On behalf of Herambagopalpur Gram Panchayat of Ptharpratima Block under south 24 parganas dist. invites bids through e-tendering process for Est. Cost. of Rs.2720548/-(Excl.GST&Cess). vid NIT No.01/170/ /XVFC-UNTIED /NIT /HGP/2021, dt. -09.06.2021. The last Date of submission of Bid (online) is 23.06.2021 up to 2.00p.m.For details please visit https://wbtenders.gov.in and SDO/ BDO/GP Office.

Pradhan, Herambagopalpur GP.

# ভাঙচুর ও মারধরের অভিযোগে গ্রেপ্তার তৃণমূল নেতার ছেলে

**নিজস্ব প্রতিবেদন, হুগলি:** দোকান ভাঙচুর ও মারধরের অভিযোগে গ্রেপ্তার তৃণমূল নেতা তথা অঞ্চল প্রধানের ছেলে। এদিন তাকে গ্রেপ্তার করে আরামবাগ মহকুমা আদালতে তোলে পুলিশ। ঘটনাটি ঘটেছিল, হুগলির আরামবাগ ব্লকের আরান্ডী এক নম্বর অঞ্চলে। ধৃতের নাম শেখ মঈনুদ্দিন। বাড়ি আরান্ডী এক নম্বর অঞ্চল। জানা গিয়েছে, তার বাবা শেখ সোহারাব হোসেন এলাকার দাপুটে তৃণমূল নেতা তথা পঞ্চায়েত প্রধান। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, আরান্ডী এলাকায় বেশ কয়েকদিন আগে দোকান ভাঙচুরের ঘটনায় এলাকায় অশান্তির বাতাবরণ তৈরি হয়। এলাকার মানুষ ও স্থানীয় দোকানদাররা আতঙ্কিত হয়ে পড়ে। থানায় অভিযোগ জমা পড়ে। পুলিশ অভিযোগের ভিত্তিতে তল্লাশি শুরু করে। অবশেষে দোকান ভাঙচুরের ঘটনার সঙ্গে যুক্ত আরান্ডী অঞ্চল প্রধানের ছেলেকে গ্রেপ্তার করে পুলিশ। এলাকায় শান্তি বজায় রাখতে এবং দোকান ভাঙচুর ও মারধরের ঘটনায় পুলিশ ওই তৃণমূল নেতার ছেলে শেখ মইউদ্দিনকে গ্রেপ্তার করে। এদিন আরামবাগ হাসপাতালে মেডিক্যাল পরীক্ষা করার পর আরামবাগ কোর্টে তোলে পুলিশ। এই বিষয়ে বিজেপি নেতৃত্বের দাবি, এলাকায় দুষ্কৃতী তাণ্ডব চালাচ্ছে তৃণমূল। ব্যবসায়ীরা শান্তিতে ব্যবসা করতে পারছে না। এলাকায় বেনিয়মের প্রতিবাদ করলেই রাতের অন্ধকারে তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরা তাণ্ডব চালাচ্ছে। বিজেপির আরও দাবি, খোদ অঞ্চল প্রধানের ছেলে যদি এই রকম কাজের সঙ্গে যুক্ত হয়ে পড়ে, তাহলে বোঝা যাচ্ছে এলাকায় সাধারণ মানুষের নিরাপত্তা নেই। অপরদিকে আরামবাগ ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি পলাশ রায়ের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, এই ঘটনার সঙ্গে তৃণমূল যুক্ত নয়। পুলিশ বিষয়টা দেখছে। সবমিলিয়ে তৃণমূল নেতা তথা অঞ্চল প্রধানের ছেলে গ্রেপ্তার হওয়ায় চাঞ্চল্য ছড়ায় এলাকায়।

# অশ্লীল ছবি তুলতে গিয়ে ধৃত যুবক

**নিজস্ব প্রতিবেদন, মালদা:** এক দশম শ্রেণির ছাত্রীর বাথরুমে স্নান করার নগ্ন ছবি মোবাইলে ক্যামেরা বন্দি করতে গিয়ে ধরা পড়ল এক যুবক। প্রতিবেশী ওই যুবককে গ্রামবাসীরা ধরে ব্যাপক গণপিটুনি দেয় বলে অভিযোগ। মঙ্গলবার দুপুরে ঘটনাটি ঘটেছে গাজোল থানার মাঝরা গ্রামে। এরপর খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় গাজোল থানার পুলিশ। ওই ছাত্রীর পরিবারের অভিযোগের ভিত্তিতে অভিযুক্তকে গ্রেপ্তার করেছে পুলিশ। উদ্ধার করা হয়েছে তার কাছ থেকে মোবাইল। এবং সেই মোবাইলে ছাত্রীর নগ্ন ছবি তোলার দৃশ্য মুছে ফেলেছে তদন্তকারী পুলিশ কর্তারা। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃত যুবকের নাম রফিকুল শেখ। তার বাড়িও মাঝরা গ্রামে। অভিযুক্তের বাড়ি পাশেই রয়েছে ওই দশম শ্রেণির ছাত্রীর বাড়ি। অভিযুক্ত যুবক এদিন দুপুরে তাক করেছিল ওই ছাত্রীর নগ্ন ছবি তোলার জন্য। পুলিশ জানতে পেরেছে, শুধু এদিন নয়, কয়েক দিন ধরেই ওই ছাত্রীর নগ্ন ছবি মোবাইলে তোলার চেষ্টা চালাচ্ছিল অভিযুক্ত যুবক। ধৃত যুবক ভিন রাজ্যে কাজ করে। একমাস আগে এসে নিজের বাড়িতে ফিরেছে। ওই দশম শ্রেণির ছাত্রী এদিন তার বাড়ির বাথরুমে স্নান করতে যায়। সেই সুযোগে বাথরুমের ভেন্টিলেটরের একটি ফাঁকা অংশ থেকেই ওই ছাত্রীর নগ্ন ছবি তুলতে থাকে।

# যশে বিধ্বস্ত উপকূলবর্তী এলাকা, নতুন আতঙ্কে দিন কাটাচ্ছে সুন্দরবন



**নিজস্ব প্রতিবেদন, বসিরহাট:** প্রাকৃতির রুদ্ররূপ যেন পিছু ছাড়ছে না সুন্দরবনের মানুষদের। সম্প্রতি জোড়া ফলায় বিদ্ধ হয়ে প্রাণওষ্ঠাগত হয়েছিল তাদের। আবারও ত্রিফলায় বিদ্ধ হওয়ার আশঙ্কায় দিন গুনছে যশ বিধ্বস্ত সুন্দরবনবাসী। সামনে নিম্নচাপের মধ্যেই ভ্রুকুটি দিচ্ছে মরা কোটাল ও ভরা কোটাল। সঙ্গে দোসর বর্ষা। ফলে সার্বিক পরিস্থিতি কি দাঁড়াবে তা নিয়ে আতঙ্কিত সুন্দরবনের নদী পাড়ের বাসিন্দারা।

যেন মরার উপর খাড়ার ঘা যশ বিধ্বস্ত সুন্দরবনবাসীর। নতুন করে আতঙ্কে ত্রস্ত বসিরহাট মহকুমার নদী পাড়ের মানুষেরা। আগেই যশের দাপটে নদী বাঁধ ভেঙে আবার কোথাও জলোচ্ছ্বাসে বাঁধ উপচেছে নোনা জল ঢুকে ভিটে মাটি হারিয়েছে সর্বশান্ত হয়েছে সাধারণ খেটে-খাওয়া মানুষেরা। কবে সেই জল সরে স্বাভাবিক ছন্দে ফিরবে সেই আশাতেই দিন গুজরান করছিল তারা। তার মধ্যেই আগামী ১১ জুন অমাবস্যায় মরা কোটালে, ও তারপর ২৬ জুন ভরা কোটাল মাথাব্যাথা বাড়াচ্ছে বানভাসি সুন্দরবনের মানুষের। আবার কি সেই ভয়ঙ্কর দিন দেখতে হবে? নতুন করে প্রশ্ন ঘুরপাক খাচ্ছে যশ বিধ্বস্ত সুন্দরবনের মানুষের কাছে। মে মাসের ২৬ তারিখে যশ ও পূর্ণিমার ভরা কোটালে বিপর্যস্ত হয়েছিল সুন্দরবনের বিস্তীর্ণ অঞ্চল। এখনো জলবন্দি অবস্থায় রয়েছে বসিরহাট মহকুমার বিস্তীর্ণ এলাকা। রূপমারী, বাইলানি, বিশপুর, ঘূণি, যোগেশগঞ্জ ও তুষখালী সহ একাধিক সুন্দরবনের গ্রামে কোথাও বাঁধ ভেঙে, কোথাও বাঁধ উপচে আবার কোথাও বাঁধে ফাটল হয়ে প্লাবিত হয়েছিল বসিরহাট মহকুমার সুন্দরবনের প্রায় ৮০ শতাংশ এলাকা। এখনও সেই আতঙ্কে গৃহহীন হয়ে দিন কাটাচ্ছেন এই এলাকার মানুষেরা। যশের পর এক পক্ষকাল কাটতে না কাটতেই আবার নতুন ত্রিফলা আতঙ্কে জর্জরিত নদীবেষ্টিত এলাকাগুলি। বিগত বেশ কিছু দিন ধরে চলতে থাকা নিম্নচাপ। তার ওপর মৌসুমি বায়ুর প্রভাবে বর্ষার আগমন ও অমাবস্যায় ভরাকোটালে নতুন করে ভয়ের সঞ্চার ঘটছে নদী তীরবর্তী মানুষগুলির মধ্যে। কিছু কিছু জায়গায় বাঁধ সংস্কার হলেও তা পর্যাপ্ত নয়। বেশিরভাগ জায়গাতেই কাঁচা বাঁধগুলির অবস্থা শোচনীয়। তাই এই নিম্নচাপের বর্ষণ কাটিয়ে সামনের কোটাল ও বর্ষার প্রচণ্ড বৃষ্টিতে কি অবস্থার সম্মুখীন হতে হবে সেটা নিয়েই আতঙ্কিত সুন্দরবনবাসী। গ্রামের মধ্যে এখনও ঢুকলে দেখা যায় শুধু জল আর জল। অনেক মানুষ গৃহহীন। কেউ আছেন ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্রে আবার কেউ এখনো পর্যন্ত দিন কাটাচ্ছেন নিকটবর্তী হাইস্কুল বা প্রাথমিক স্কুলে। জলবন্দি অবস্থায় দিন গুজরান করছেন তারা। তাই নতুন সংকটের আগে যথেষ্টই ভয়ে আছেন তারা। খাবার ও পানীয় জল সংগ্রহ করতে অনেকে আবার ভেলায় করে ভাসতে ভাসতে যাচ্ছেন দূরে। তাদের একটাই চিন্তা এই গভীর নিম্নচাপের বৃষ্টিতে রক্ষা নেই। কি করে নদীর প্রবল জলোচ্ছ্বাস আটকে নিজেদের জীবন সুরক্ষিত করবেন সেটাই দুশ্চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে। তবে বিধায়ক নারায়ণ গোস্বামী জানান, মুখ্যমন্ত্রী সবার খোঁজ খবর নিচ্ছেন। হাওয়া অফিস সূত্রে খবর এই গভীর নিম্নচাপকে সঙ্গী করে দক্ষিণবঙ্গে ১০ তারিখ থেকেই বর্ষাকালের অতিবর্ষণ শুরু হবে। যার জেরে সুন্দরবনের বিস্তীর্ণ এলাকার মানুষ ধন্দে পড়েছেন। কি করবেন? কোথায় যাবেন? কিছুই তারা বুঝে উঠতে পারছেন না।

# কাটোয়ার পুর প্রশাসকের দায়িত্বে রবীন্দ্রনাথ চট্টোপাধ্যায়



**নিজস্ব প্রতিবেদন, কাটোয়া:** বিধানসভা ভোটে দাঁড়ানোর পর কাটোয়ার পুর প্রশাসকের দায়িত্ব ছেড়েছিলেন রবীন্দ্রনাথ চট্টোপাধ্যায়। ভোটের ফল বেরনোর পর করোনার দ্বিতীয় ঢেউয়ে গোটা রাজ্যের সঙ্গে টালমাটাল অবস্থা কাটোয়ারও। এই অবস্থায় কাটোয়ার বাসিন্দারা গত বছর করোনা আটকাতে পুর প্রশাসক হিসেবে রবীন্দ্রনাথবাবুর অভাব বারেবারেই টের পাচ্ছিলেন। দাবি তুলছিলেন রবীন্দ্রনাথবাবুকে অবিলম্বে পুর-প্রশাসকের দায়িত্বে ফেরানো হোক। সেই দাবি পূরণ হল। পুরসভার প্রশাসকের দায়িত্ব নিলেন কাটোয়ার বিধায়ক রবীন্দ্রনাথ চ্যাটার্জি। পুরসভার কার্যালয়ে কার্যনির্বাহী আধিকারিক তথা প্রশাসক তাপস ভট্টাচার্যর কাছ থেকে দায়িত্ব বুঝে নিয়েই পরিষেবা ও পুরসভার অন্যান্য নিত্যকাজে ঝাঁপিয়ে পড়েন। জানান, 'কোভিড সংক্রমণ মোকাবিলা, সুষ্ঠু টিকাকরণ কর্মসূচি ও নাগরিকদের সুযোগসুবিধাই অগ্রাধিকার।' বিধানসভা ভোটে লড়ার জন্য পুর-প্রশাসকের পদ থেকে ইস্তফা দিয়েছিলেন রবীন্দ্রনাথবাবু। রাজ্য পুর ও নগরোন্নয়ন মন্ত্রক চিঠি দিয়ে রবীন্দ্রনাথবাবুকে ফের পুর প্রশাসকের দায়িত্ব দেওয়ায় কাটোয়ার বাসিন্দারা খুশি। শিক্ষিকা বীথিকা মুখোপাধ্যায়, নাট্যকর্মী শ্রীমন্ত মজুমদার, ব্যবসায়ী নিমাই দাসদের মতে, 'গতবার কোভিড ও আম্ফান পরিস্থিতি মোকাবিলা, পরিযায়ী শ্রমিকদের শিবির গড়া-সহ রবীন্দ্রনাথবাবু যেভাবে মাঠে নেমে নেতৃত্ব দিয়েছিলেন, তা শহরবাসী মনে রাখবে। সেজন্য এবারও শহরের মানুষ চেয়েছিলেন রবীন্দ্রনাথবাবু যত তাড়াতাড়ি সম্ভব পুর প্রশাসকের চেয়ারে বসুন। সেটা হওয়ায় সকলেই আশ্বস্ত।' রবীন্দ্রনাথবাবু পুর প্রশাসক হওয়ায় খুশি পুর মজদুর ইউনিয়ন সংবর্ধিত করল তাঁকে। বিদায়ী কাউন্সিলর শুভ্রা রায়, চন্দনা মাঝি বা পুরকর্মী চন্দ্রচূড় দত্ত, দিগন্ত পালদের কথায়, 'রবিবাবু দীর্ঘদিন পুরপ্রধান থাকার সুবাদে পুরসভা পরিচালনায় ওনার দক্ষতা প্রশ্নাতীত। এখন সরকার ওনাকে পুরসভার দায়িত্ব দেওয়ায় আমরা তো বটেই, গোটা কাটোয়া খুশি।'

**SOMA TEXTILES & INDUSTRIES LIMITED**

Regd. Office: 2, Red Cross Place, Kolkata - 700 001
Ph. No.: 033-22487406 / 07,
E-mail: investors@somatextiles.com
Website: www.somatextiles.com
CIN: L51909WB1940PLC010070

**NOTICE**

Pursuant to Regulations 29 read with Regulation 47 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, NOTICE is hereby given that a meeting of the Board of Directors of the Company will be held on Monday the 14th June, 2021 at its Factory Office at Rakhial Road, Ahmedabad at 2-30 P.M., to inter alia - (a) consider, approve and take on record the Audited Financial Results of the Company for the quarter and year ended 31st March, 2021, along with Statement of Assets and Liabilities as on that date, and (b) consider and approve the Annual Accounts & Reports for the year ended 31st March, 2021. Further, the trading window under SEBI (Prohibition of Insider Trading) Regulations, 2015 read with Code of Conduct framed by the Company shall remain be closed for all designated persons of the Company and their relatives from the end of the every quarter till 48 hours after the announcement of financial results for the quarter and year ended 31st March, 2021. Accordingly, the period of closure of trading window for dealing in shares of the Company had already been in operation with effect from 1st April, 2021. The intimation is also available on the Company's website at www.somatextiles.com and on the website of the Stock Exchanges where the Company's shares are presently listed viz. www.bseindia.com and www.nseindia.com

For Soma Textiles & Industries Ltd.
Sd/-
(A. K. Mishra)
Company Secretary

Place : Kolkata
Dated : 03.06.2021

**মানাকসিয়া অ্যালুমিনিয়াম কোম্পানি লিমিটেড**

কর্পোরেট আইডেন্টিটি নাম্বার L27100WB2010PLC144405
রেজিস্টার্ড অফিস: ৮/১, লালবাজার স্ট্রিট, বিকানির বিল্ডিং, ৪র্থ তল, কলকাতা-৭০০০০১
ই-মেল : info@malcoindia.co.in, ওয়েবসাইট : www.manaksiaaluminium.com
দূরভাষ : +৯১-৩৩-২২৪৩ ৫০৫৩ / ৫০৫৪

**৩১ মার্চ, ২০২১ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বর্ষের নিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ**

(লক্ষ টাকায়)

| বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত ৩১ মার্চ ২০২১ | বর্ষ সমাপ্ত ৩১ মার্চ ২০২১ | ত্রৈমাসিক সমাপ্ত ৩১ মার্চ ২০২০ |
|---|---|---|---|
| কার্যাদি থেকে মোট আয় | ৮৮২৯.৮০ | ২৭১৬২.৭৬ | ৬৩৫২.৭৫ |
| নিট লাভ/(ক্ষতি) কর পূর্ব | ১৮১.৩৮ | (৩৯৯.৪৮) | ১১৯.৪১ |
| নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী | ২৬৪.৫৭ | (৩১৬.২৯) | ২৬২.৪৪ |
| সময়কাল [সময়কালের (কর পরবর্তী লাভ/(ক্ষতি) এবং অন্যান্য ব্যাপক আয়ের অন্তর্গত]-এর জন্য মোট ব্যাপক আয় | ২৮১.৮৪ | (২৯৯.০২) | ২৪৯.৯৬ |
| ইক্যুইটি শেয়ার মূলধন | ৬৫৫.৩৪ | ৬৫৫.৩৪ | ৬৫৫.৩৪ |
| শেয়ার প্রতি আয় (১/- টাকা প্রতিটি) (বার্ষিকীকৃত নয়) | | | |
| (ক) মৌলিক | ০.৪০ | (০.৪৮) | ০.৪০ |
| (খ) মিশ্রিত | ০.৪০ | (০.৪৮) | ০.৪০ |

দ্রষ্টব্য-

(ক) ৩১ মার্চ, ২০২১ তারিখে কোম্পানির সমাপ্ত ত্রৈমাসিক এবং বর্ষের নিরীক্ষিত আর্থিক ফলাফল অডিট কমিটি কর্তৃক পুনরীক্ষিত ও সুপারিশ করা হয়েছে এবং কোম্পানির বোর্ড অফ ডিরেক্টরর্স কর্তৃক অনুমোদিত হয়েছে ৮ জুন, ২০২১ তারিখে অনুষ্ঠিত তাঁদের স্ব-স্ব সভায়। কোম্পানির বিধিবদ্ধ নিরীক্ষকগণ এই সকল ফলাফলের সীমায়িত পুনরীক্ষণ করেছেন।

(খ) উপরোক্তটি সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশনস ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে দাখিল করা ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিস্তারিত ফরম্যাটের নির্যাস। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাট স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.nseindia.com এবং www.bseindia.com এবং কোম্পানির ওয়েবসাইট www.manaksiaaluminium.com-তেও পাওয়া যাবে।

ডিরেক্টর বোর্ডের পক্ষে
মানাকসিয়া অ্যালুমিনিয়াম কোম্পানি লিমিটেড
সুনীল কুমার আগরওয়াল
(ম্যানেজিং ডিরেক্টর)
DIN: 00091784

স্থান: কলকাতা
তারিখ: ৮ জুন, ২০২১

# তিরিশ বছর ধরে কয়লার কাদায় প্রাণের সন্ধানে প্রাণপাত!

**সোমনাথ মুখোপাধ্যায় ● লাউদোহা**

পেটের ক্ষুধা মেটাতে মানুষ কী-ই না করে! একদিকে যেখানে একটি শ্রেণি পর্যাপ্ত খাবার খাওয়ার পরে শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে নিজের জীবন অতিবাহিত করছেন, অন্যদিকে, এমন একটি সম্প্রদায়ের মানুষও রয়েছেন, যাঁরা দু'বেলা দুটো রুটির জন্য জীবনের সাথে লড়াই করে যাচ্ছেন। দুর্গাপুর-ফরিদপুর ব্লকের এই চিত্র দেখে মনে হবে, সমস্ত মানুষ ড্রেন পরিষ্কার করার কাজটি করছেন! তবে বাস্তবটা অন্যরকম। আসলে, এই সমস্ত লোকেরা গর্তে কয়লা জমে থাকা ময়লা তুলছেন। এই ময়লাই তাঁদের দুই সময়ের রুটির সন্ধান দিচ্ছে বছর বছর ধরে। এই কাজের সাথে জড়িত লাউদোহার দুর্গাপুর-ফরিদপুর ব্লকের জামগড়া আদিবাসী উপজাতির পুরুষ ও মহিলারা। তাঁরা জানান, এই এলাকার কাছাকাছি রয়েছে কয়লা খনি। সেই খনির কয়লা বোঝাই গাড়ির থেকে উড়ে এসে কয়লার গুঁড়ো মেশে ধুলোর সঙ্গে। সেই ধুলো, এলাকার জলা জায়গায় জমতে থাকে। সেই কয়লাগুড়ি মিশ্রিত কয়লার ধুলো জলে মিশে এক ধরনের কাদায় পরিণত হয়। আর, সেই কাদায় পেটের ভাতের জোগাড় করে জামগড়া এলাকার কয়েকশো আদিবাসী মানুষদের।



এই কয়লা মিশ্রিত কাদা মাটি সংগ্রহ করতে ভোর থেকে চলে পরিশ্রম। কাদা মাটি সংগ্রহ করে সেগুলি বস্তাবন্দি করে তাঁরা নিয়ে যান বাড়িতে। এলাকাবাসী রেখা হেমব্রম, সমিতা মান্ডি প্রভৃতি উপজাতির আদিবাসী মহিলারা বলেন, তাঁরা এই কয়লার কাদা সংগ্রহ করে তা তাঁদের বাড়িতে নিয়ে যায় এবং ছোট ছোট অংশে 'গুলি'(গোল আকারে) তৈরি করে। এই কয়লাগুড়ির কাদা দিয়ে তৈরি 'গুলি' জ্বালানি হিসাবে ব্যবহৃত হয়। এই 'গুলি' গুলো দিয়ে তাঁরা বাড়ির চুলা জ্বালান। এর সাথে, তাঁরা এই 'গুলি' কাছাকাছি হোটেলে এবং বিভিন্ন জ্বালানি হিসেবে ব্যবহৃত যায়গায় বিক্রিও করেন। প্রতি বস্তা 'গুলি' ৩০ টাকায় বিক্রি হয়। রেখা দেবী আরও বলেন, আমরা সকলেই গত ৩০ বছর ধরে এই কর্মের সাথে জড়িত। প্রায় ৩০ জনের বেশি মানুষ এই কাজের সাথে যুক্ত রয়েছেন। এরমধ্যে এক চতুর্থাংশ মহিলারা রয়েছেন। তিনি বলেন, এই কাজটি খুব ঝুঁকিপূর্ণ কারণ, এই কাদাটির অভ্যন্তরে অনেকগুলি তীক্ষ্ণ পাথর বা যন্ত্রাংশ রয়েছে, যার কারণে আমরা বহুবার আহত হয়েছি। পাশাপাশি, ময়লা ভরা এই কাদাটির মধ্যে অসহনীয় গন্ধ থাকে, যার কারণে আমরা বিভিন্ন ধরনের রোগে আক্রান্ত হয়ে থাকি। কিন্তু, উপার্জনের অন্য কোনও উপায় না-থাকার কারণে আমরা এই কাজটি করতে বাধ্য হই, নিজেকে এবং পরিবারের সদস্যদের বাঁচিয়ে রাখার তাগিদে। কবিতা বাগদি, রিতা বাউড়ি, তুলি বাউড়ি, টিনা হেমব্রম, চিন্তা মান্ডি প্রভৃতি মহিলারা বলেন, 'আমরা দীর্ঘদিন ধরে এই কাজের সাথে যুক্ত আছি। এই পথ দিয়ে প্রতিদিন যাচ্ছেন নেতা, মন্ত্রীরা এবং পুলিশ আধিকারিকরা। তাঁরা সকলেই আমাদের এই অবস্থায় দেখেন, তবে কেউ আমাদের যত্ন নেওয়ার চেষ্টা করেনি। আমরা এতটা অসহায় যে এই কাজটি যদি একদিন না করি, তবে আমাদের ঘরের চুলা জ্বলবে না। আমাদের সন্তুষ্টি, এই কাজটি আমরা আনন্দের সাথে চালাতে সক্ষম হয়েছি। তাঁরা আশাবাদী, একদিন সরকারের নজর আমাদের দিকে পড়বে এবং আমাদের কষ্টের কথা বিবেচনা করে সরকার আমাদের জন্য কোনও ইতিবাচক পদক্ষেপ নেবে। সেই দিনটির অপেক্ষায় অধীর আগ্রহে রয়েছি'।